# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫২৮১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আশা আকাঙ্ক্ষা ও উদ্বেগ প্রসঙ্গ

اَلْفصْلُ الثَّالِثُ ـ (بَاب الأمل والحرص)

---

আরবী

عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَوَّلُ صَلَاحِ هَذِهِ الْأُمَّةِ الْيَقِينُ وَالزُّهْدُ وَأَوَّلُ فَسَادِهَا الْبُخْلُ وَالْأَمَلُ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شعب الْإِيمَان»

سنده ضعیف ، رواه البیھقی فی شعب الایمان (10844 ، نسخۃ محققۃ : 10350) * فیہ ابو عبد الرحمن السلمی ضعیف جدًا و عبداللہ بن لھیعۃ مدلس و عنعن ان صح السند الیہ و للحدیث لون آخر عند احمد (الزھد ص 10 ص 51) و سندہ ضعیف لانقطاعہ ۔

বাংলা

৫২৮১-[১৪] ’আমর ইবনু শু’আয়ব (রহিমাহুল্লাহ) তাঁর পিতার মাধ্যমে তাঁর দাদা হতে বর্ণনা করেন। নাবী (সা.) বলেছেন: এ উম্মতের কল্যাণের সূচনা হলো (আল্লাহর ওপর) ইয়াক্বীন বা বিশ্বাস এবং (দুনিয়া) বিমুখতা অবলম্বন করা। আর অনিষ্টতার মূল হলো কৃপণতা ও লোভ-লালসা। (বায়হাকী)

ফুটনোট

হাসান: সিলসিলাতুস সহীহাহ ৩৪২৭, যুহদ লি আহমাদ ১০, শু’আবুল ঈমান ১০৮৪৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ইয়াক্বীন বা বিশ্বাস হলো এ উম্মাতের প্রথম মানবীয় কল্যাণ, এটা পরকালীন পরিণতি বিষয়ক এবং

সংসারত্যাগ বা দুনিয়াবিরাগী বিষয়ক সূচক চিহ্ন। পক্ষান্তরে উম্মতের প্রথম ফাসাদ বা বিপর্যয় সূচক চিহ্ন হলো কৃপণতা এবং দুনিয়ার প্রতি দুর্বার আকাঙ্ক্ষা ও অসীম লোভ লালসা।

হাদীসের শব্দ(الْأَمَلُ) "আকাঙ্ক্ষা', 'আশা' এ শব্দের ব্যাখ্যা করতে গিয়ে 'আল্লামাহ্ মুল্লা 'আলী আল কারী (রহিমাহুল্লাহ) বলেন : (فَالْأَمَلُ إِنَّمَا هُوَ الْغَفْلَةُ عَنْ سُرْعَةِ الْقِيَا مَةِ الصُّغْرٰى وَالْكُبْرٰى) "দুনিয়ার আশা আকাঙ্ক্ষা হলো দ্রুত কিয়ামত অনুষ্ঠিত হওয়া থেকে অর্থাৎ তার ছোট-বড় সকল লক্ষণ থেকে অমনোযোগী ও বেপরোয়া হয়ে থাকা।" আর(بُخْيلُ) "কৃপণতার উৎস স্থল হলো(حُبُّ الدُّنْيَا) দুনিয়াপ্রীতি। এর সহায়ক কথা বলেছেন হাসান বসরী (রহিমাহুল্লাহ), তিনি বলেছেন: (صَلَاحُ الدِّينِ الْوَرَعُ وَفَسَادُهُ الطَّمَعُ) দীনের কল্যাণ হলো তাক্বওয়া ও আল্লাহভীতি আর তার বিপর্যয় বা ধ্বংস হলো লোভ-লালসা। (মিরক্বাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২৫ পৃ.)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85260

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন